



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

পরিকল্পনা ও উন্নয়ন শাখা

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯

www.pmedutrust.gov.bd: ফ্যাক্স: ০২-৮১১১০১৯



বিষয়: একাদশ জাতীয় সংসদের 'শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি'র ৬ষ্ঠ বৈঠকের আলোচ্যসূচি অনুযায়ী প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের তথ্যাদি প্রেরণ।

সূত্র: ৩৭.০০.০০০০.০৮৬.০৯.০১৫.১৯-২৩৪; মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর সংসদ শাখা; তারিখ ১২-০৯-২০১৯ খ্রি।

আলোচ্যসূচির (২.গ) অনুযায়ী প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর তথ্য প্রেরণ:

শিক্ষার গুণগত মান এবং এস.ডি.জি-৪ অর্জনের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর পরিকল্পনা গ্রহণ সম্পর্কে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট সংশ্লিষ্ট তথ্যাদি-

বিষয়	কর্মপরিকল্পনা	বাস্তবায়ন	এস.ডি.জি-৪ এর	ফলাফল
১. ষষ্ঠ শ্রেণি থেকে উচ্চ শিক্ষা পর্যন্ত উপবৃত্তি প্রদান	ষষ্ঠ শ্রেণি থেকে স্নাতক (পাস) ও সমমান শ্রেণি পর্যন্ত সারা দেশের দরিদ্র এবং মেধাবী ছাত্র-ছাত্রীদের উপবৃত্তি প্রদান করার বিধান থাকলেও বর্তমানে স্নাতক (পাস) ও সমমান শ্রেণির দরিদ্র এবং মেধাবী ছাত্র-ছাত্রীদের উপবৃত্তি ও টিউশন ফি প্রদান করা হচ্ছে। তবে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক উপবৃত্তি প্রদান কার্যক্রম ট্রাস্টে স্থানান্তরিত হলে ট্রাস্ট থেকে সকল উপবৃত্তি কার্যক্রম পরিচালন	বর্তমানে সারা দেশের স্নাতক (পাস) ও সমমান শ্রেণির দরিদ্র এবং মেধাবী ছাত্র-ছাত্রীদের কাছ থেকে দরখাস্ত আহবানের মাধ্যমে নির্বাচিত শিক্ষার্থী প্রতি মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে উপবৃত্তি বাবদ বছরে ৪৯০০/- টাকা এবং শিক্ষা প্রতিষ্ঠানের মাঝে অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে টিউশন ফি বাবদ ৭২০/- টাকা হারে প্রদান করা হচ্ছে	শিক্ষার গুণগত মান উন্নয়ন ও SDG Goal 4 এর সাথে সম্পর্কিত	উপকারভোগী শিক্ষার্থীদের মধ্যে ঝরে পড়ার হার হ্রাস পাবে
২. শিক্ষার্থী ঝরে পড়ার হার শূন্যে নামিয়ে আনা	২.১ ষষ্ঠ থেকে স্নাতক ও সমমান শ্রেণি পর্যন্ত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা প্রদান	সারা দেশের ষষ্ঠ থেকে স্নাতক ও সমমান শ্রেণি পর্যন্ত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে দরখাস্ত আহবানের মাধ্যমে নির্বাচিত শিক্ষার্থী প্রতি আর্থিক সহায়তা বাবদ মাধ্যমিকে ৫,০০০/- টাকা, উচ্চ মাধ্যমিকে ৮,০০০/- টাকা ও স্নাতক পর্যায়ে ১০,০০০/- টাকা হারে প্রদান করা হচ্ছে	শিক্ষার গুণগত মান উন্নয়ন ও SDG Goal 4 এর সাথে সম্পর্কিত	দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিত করণের মাধ্যমে ঝরে পড়ার হার হ্রাস পাবে
	২.২ দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী ষষ্ঠ থেকে স্নাতক ও সমমান শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের চিকিৎসার সুযোগ সৃষ্টির লক্ষ্যে আর্থিক অনুদান প্রদান	সারা দেশের ষষ্ঠ থেকে স্নাতক ও সমমান শ্রেণি পর্যন্ত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের চিকিৎসার সুযোগ সৃষ্টির লক্ষ্যে আর্থিক অনুদান হিসেবে এককালীন ১০,০০০/- থেকে ৫০,০০০/- টাকা পর্যন্ত প্রদান করা হচ্ছে	শিক্ষার গুণগত মান উন্নয়ন ও SDG Goal 4 এর সাথে সম্পর্কিত	দুর্ঘটনায় গুরুতর আহত শিক্ষার্থীদের শিক্ষাজীবন নিশ্চিতকরণ হবে
৩. বিশ্ব বিদ্যালয়ের শিক্ষকদের গবেষণায় উৎসাহিত ও সহায়তা প্রদান করা	পাবলিক বিশ্ববিদ্যালয়ের গবেষকদের উচ্চশিক্ষায় উৎসাহিত করণের লক্ষ্যে এম.ফিল. ও পিএইচ.ডি. কোর্সে ফেলোশিপ ও বৃত্তি প্রদান	সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের গবেষকদের উচ্চশিক্ষায় উৎসাহিত করণের লক্ষ্যে এম.ফিল. ও পিএইচ.ডি. কোর্সে দরখাস্ত আহবানের মাধ্যমে নির্বাচিত ফেলোদের মাসিক যথাক্রমে ১০,০০০/- ও ১৫,০০০/- টাকা করে ফেলোশিপ ও বৃত্তি প্রদান করা হচ্ছে	শিক্ষার গুণগত মান উন্নয়ন ও SDG Goal 4 এর সাথে সম্পর্কিত	যথাসময়ে গবেষণা কর্ম সম্পাদনের ফলে তাদের গবেষণা দ্বারা দেশ উপকৃত হবে

(জান্নাতুল ফেরদৌস)

উপ-পরিচালক (উপসচিব)

ফোন: ০২-৫৫০০০৪২৫

ই-মেইল: dd@pmedutrust.gov.bd